# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

### Bengali Text Bulletin

**Date 14-10-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়াকে একজনই ধর্ষণ করেছে বলে আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী জানিয়েছেন।

ধৃতদের এবং নির্যাতিতার সেদিনের পোশাক ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, তরুণীর বন্ধুর ওপর যাবতীয় দায় চাপিয়ে সরকার প্রকৃত অভিযুক্তদের আড়াল করতে চাইছে।

২) দুর্গাপুরের ঘটনার প্রতিবাদে বিজেপিকে ১৯ অক্টোবর পর্যন্ত ধর্নায় বসার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৩) বৃষ্টি ও ভূমিধসে বিপর্যস্ত দার্জিলিং-এর মিরিকে ত্রাণ ও পুনর্গঠনের কাজের অগ্রগতি আজ খতিয়ে দেখেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী।

৪) আকাশবাণী ও দূরদর্শনের কর্মী ঘাটতি মেটাতে ভারত সরকার উদ্যোগী হয়েছে বলে জানিয়েছেন প্রসার ভারতীর মুখ্য কার্য নির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী।

৫) ইস্টবেঙ্গল ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবল প্রতিযোগিতার ফাইনালে উঠেছে।

---

পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে ডাক্তারি পড়ুয়াকে একজনই ধর্ষণ করেছে বলে আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী জানিয়েছেন। বাকিদের কি ভূমিকা আছে তা তদন্ত করে দেখা হচ্ছে। আজ সন্ধ্যায় সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ধৃতদের এবং নির্যাতিতার সেদিনের পোশাক ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। উদ্ধার হয়েছে নির্যাতিতার মোবাইল ফোনটিও। কিন্তু মেডিকেল এবং ফরেনসিক রিপোর্ট এখনও আসেনি। নির্যাতিতার বন্ধুর আচরনও সন্দেহের উর্ধ্বে নয় বলে তিনি জানান। আজ নির্যাতিতার গোপন জবানবন্দি নেওয়া হয়। তিনি আরো বলেন, তদন্তের গতি প্রকৃতি সম্পর্কে নির্যাতিতার বাবাকে নিয়মিত জানানো হচ্ছে।

এর আগে আজ সকালে ধৃত পাঁচ অভিযুক্ত এবং নির্যাতিতার সহপাঠীকে অকুস্থলে নিয়ে গিয়ে পুলিশ ঘটনার পুনর্নির্মাণ করে। আসানসোল দুর্গাপুর পুলিশ কমিশনারেটের ডিসি অভিষেক গুপ্তার নেতৃত্বে বিশাল পুলিশ বাহিনী ঐ বেসরকারি মেডিকেল কলেজ থেকে ঘটনাস্থল পর্যন্ত হেঁটে গিয়ে সব দিক খতিয়ে দেখেন। এর আগে দুর্গাপুর থানা এবং নিউটাউনশিপ থানার পুলিশের যৌথ দল আজ সকালে ধৃত শেখ রিয়াজুদ্দীন ও শেখ নাসিরুদ্দীনকে নিয়ে বিজরা গ্রামে যায়। তল্লাশি চালানো হয় তাদের বাড়িতে। ধৃতদের মেডিকো-লিগাল টেস্ট হবে বলেও জানা গেছে।

এদিকে, বেসরকারি মেডিকেল কলেজের ছাত্রী ওড়িশার বাসিন্দা ঐ তরুণীর সঙ্গে দেখা করতে আজ দুর্গাপুরে যান বালেশ্বরের বিজেপি সাংসদ প্রতাপ সারেঙ্গি এবং দলের মহিলা মোর্চার সদস্যরা। হাসপাতালে ঢুকতে তাদের বাধা দেওয়া হয় বলে অভিযোগ। নিরাপত্তারক্ষীদের সঙ্গে তাদের বাক বিতন্ডা হয়। পড়ে অবশ্য তাদের ভেতরে ঢুকতে দেওয়া হয় বলে খবর। পরে সাংবাদিকদের

এদিকে, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, তরুণীর বন্ধুর ওপর যাবতীয় দায় চাপিয়ে সরকার প্রকৃত অভিযুক্তদের আড়াল করতে চাইছে। নির্যাতিতার মেডিকেল রিপোর্ট পরিবারের হাতে দেওয়া হয়নি। ওড়িশার মুখ্যমন্ত্রী নির্যাতিতার পরিবারের সঙ্গে যোগাযোগ করলেও রাজ্যের মুখ্যমন্ত্রী এখনো পর্যন্ত তাঁদের কোনো খোঁজখবর নেননি বলে তাঁর অভিযোগ।

অন্যদিকে গণধর্ষণের প্রতিবাদে রাজ্যের বিভিন্ন জায়গায় আজও প্রতিবাদ বিক্ষোভ অব্যাহত। সল্টলেকের করুণাময়ী মোড়ে বিজেপি কর্মী সমর্থকরা পথ চলতি মহিলাদের হাতে আত্মরক্ষার স্বার্থে লঙ্কার গুড়োর প্যাকেট তুলে দেন।

পূর্ব মেদিনীপুরের তমলুকে বিজেপি মহিলা মোর্চা এবং বারাসাত মেডিকেল কলেজের সামনে বিজোপি যুব মোর্চা বিক্ষোভ দেখায়।

-----------------------------

দুর্গাপুরে এমবিবিএস ছাত্রীর গণধর্ষণের যে অভিযোগ উঠেছে তার প্রতিবাদে বিজেপিকে ১৯ অক্টোবর পর্যন্ত ধর্নায় বসার অনুমতি দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি শম্পা দত্ত পাল আজ জানিয়েছেন, যেহেতু আসানসোল দুর্গাপুর উন্নয়ন কতৃপক্ষ ধর্নায় আপত্তি জানায়নি, তাই দুর্গাপুর থানার ওসি এক্ষেত্রে আইন অনুযায়ী অনুমতি দেবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

অন্যদিকে, ঐ বেসরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে কোন বহিরাগত যাতে ঢুকতে না পারে, তা সুনিশ্চিত করতে আসানসোল দুর্গাপুর কমিশনারেটকে নির্দেশ দিয়েচেন বিচারপতি। কলেজে পরীক্ষা চলায় পুলিশি নিরাপত্তার বন্দোবস্তের দাবিতে দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ এদিকন কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়।

-----------------------------

নিরাপত্তার পুরুলিয়া গভর্মেন্ট মেডিক্যাল কলেজ হাসপাতালের ইন্টার্নরা আজ দ্বিতীয় দিনেও কর্মবিরতি চালাচ্ছেন। গতকাল থেকেই অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতিতে সামিল হন তারা।

-----------------------------

বৃষ্টি ও ভূমিধসে বিপর্যস্ত দার্জিলিং-এর মিরিকে ত্রাণ ও পুনর্গঠনের কাজের অগ্রগতি আজ খতিয়ে দেখেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। ক্ষতিগ্রস্ত পরিবারের সঙ্গে দেখা করে তাঁদের হাতে অর্থ সহায়তা তুলে দেন তিনি। সুখিয়াপোখরিতে মৃত ১০ জনের নিকটাত্মীয়কে বিশেষ হোমগার্ডের চাকরির নিয়োগপত্র প্রদান করেন মুখ্যমন্ত্রী। সুখিয়াপোখরির বিডিও অফিসে জেলা প্রশাসন ও সরকারের সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের সঙ্গে ত্রাণ ও পুনর্গঠনের বিষয়ে পর্যালোচনা বৈঠক করেন মুখ্যমন্ত্রী।

-----------------------------

উত্তরবঙ্গের নাগরাকাটায় ত্রাণ বিলি করতে গিয়ে বিজেপি সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শঙ্কর ঘোষের ওপর হামলার ঘটনায় কেস ডায়েরি ও তদন্ত রিপোর্ট আদালতে জমা দিতে পুলিশকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি শম্পা দত্ত পাল আজ মামলার শুনানির সময়ে জানান, আগামী ২৭ শে অক্টোবর জলপাইগুড়ির সার্কিট বেঞ্চে এই নথি পেশ করতে হবে। মামলাকারীর তরফে ঘটনার এনআইএ তদন্তের দাবি জানানো হলে বিচারপতি বলেন, এই মুহূর্তে তদন্তের হস্তান্তর সম্ভব নয়।

উল্লেখ্য গত ৬ই অক্টোবর উত্তরবঙ্গে বন্যা পরিস্থিতি পরিদর্শনে গিয়ে জলপাইগুড়ির নাগরাকাটায় বিক্ষোভের মুখে পড়েন সাংসদ ও বিধায়ক। আহত অবস্থায় দুজনকে

হাসপাতালে ভর্তি করা হয়। পরে শঙ্কর ঘোষ ছাড়া পেলেও খগেন মুর্মু এখনও চিকিৎসাধীন।

এদিকে, নাগরাকাটায় ত্রাণ বিলি করতে গিয়ে সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শঙ্কর ঘোষের আক্রান্ত হওয়ার প্রতিবাদে এবং দুর্গাপুরে গণধর্ষন কান্ডে দোষীদের শাস্তির দাবিতে বাঁকুড়ায় বিজেপির বিক্ষোভ মিছিল ও ডেপুটেশন কর্মসূচিকে ঘিরে আজ উত্তেজনা ছড়ায়। হিন্দু স্কুল ময়দান থেকে শুরু হয়ে মিছিল জেলা প্রশাসকের দপ্তরে পৌঁছানোর আগেই পুলিশ ব্যারিকেড দিয়ে তাঁদের পথ আটকে দেয়।

অন্যদিকে, খগেন মুর্মুর ওপর হামলার প্রতিবাদে উত্তর দিনাজপুরের কর্ণজোড়া জেলাশাসকের দপ্তরে সামনে বিক্ষোভ দেখায় বিজেপি।

-----------------------------

উত্তরবঙ্গে বন্যা ও ভূমিধ্বসে পাহাড়ে সাড়ে নশো কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের তরফে জানানো হয়েছে। এসংক্রান্ত রিপোর্ট আজ উত্তরবঙ্গ সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হাতে তুলে দিয়েছে জিটিএ।

উল্লেখ্য, ত্রান, পুনর্বাসন এবং ক্ষয়ক্ষতির মূল্যায়ন করতে জিটিএর তরফে এগারো জনের একটি কমিটি তৈরি করা হয়েছে।

-----------------------------

আকাশবাণী ও দূরদর্শনের দীর্ঘদিনের কর্মী ঘাটতির সমস্যা মেটাতে ভারত সরকার উদ্যোগী হয়েছে। আজ আকাশবাণী কলকাতা পরিদর্শনকালে প্রসার ভারতীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী এ কথা জানিয়েছেন। তিনি বলেন, বর্তমান

সময়ের প্রেক্ষিতে আকাশবাণী ও দূরদর্শনের কাজকর্ম পরিচালনা করতে কত কর্মীর প্রয়োজন তা খতিয়ে দেখতে নিবিড় সমীক্ষা করা হচ্ছে। যা বর্তমানে একেবারে শেষ পর্যায়ে রয়েছে। আগামী ৬ থেকে ৮ মাসের মধ্যে এই প্রক্রিয়া শেষ করার পর প্রসার ভারতীর নতুন ম্যানপাওয়ার পলিসি নিয়ে আসা হবে বলে তিনি জানিয়েছেন।

বাইট ম্যানপাওয়ার

শ্রী দ্বিবেদী জানান, দেশের তরুণ নাগরিকদের চাহিদার কথা মাথায় রেখে আকাশবাণী ও দূরদর্শন তাদের অনুষ্ঠান সূচী তৈরি করছে।

এর আগে তিনি আকাশবাণী কলকাতা কেন্দ্র পরিদর্শন করেন এবং কেন্দ্রের প্রধান সুচিস্মিতা রায় সহ আধিকারিকদের সঙ্গে কেন্দ্রের বিভিন্ন কাজকর্ম নিয়ে আলোচনা করেন। তিনি সংবাদ বিভাগ, স্টুডিও, আর্কাইভ সহ বিভিন্ন বিভাগ ঘুরে দেখেন।

-----------------------------

দেশব্যাপী শুরু হয়েছে কার্ডিও পালমোনারি রেসাসিটেশন সচেতনতা সপ্তাহ। চলতি মাসের ১৩ তারিখ থেকে শুরু হওয়া এই কর্মসূচি চলবে ১৭ই অক্টোবর পর্যন্ত। হঠাৎ করে হৃদরোগে আক্রান্ত হলে প্রাথমিক চিকিৎসা দিতে এবং সাধারণ মানুষের কাছে সিপিআর এর বিষয়ে সচেতনতা আনতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের এই উদ্যোগ। আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

-----------------------------

কেন্দ্রীয় সরকারের তৃতীয় পর্যায়ের তামাক মুক্ত যুব অভিযান ও কার্ডিও পালমোনারি রেসাসিটেশন সচেতনতা সপ্তাহ উপলক্ষে আজকের খবরের আয়নায়

শুনবেন বিশিষ্ট হৃদরোগ বিশেষজ্ঞ চিকিৎসক সৌমিত্র রায়ের মতামত। অনুষ্ঠানটি শোনা যাবে রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে, স্থানীয় সংবাদের ঠিক পরেই।

----------------------------

ইস্টবেঙ্গল, ১২৫ তম আইএফএ শিল্ড ফুটবলের ফাইনালে উঠেছে। কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে আজ ইস্টবেঙ্গল ২-০ গোলে নামধারী এফ সি কে হারিয়ে দেয়। গোল করেছেন মহম্মদ রশিদ ও পি ভি বিষ্ণু। আগামীকাল কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে অন্য ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, ইউনাইটেড স্পোর্টস ক্লাবের মুখোমুখি হবে।

মোহনবাগান ৫-১ গোলে গোকুলম কেরালা এফ সি, কে হারিয়েছিল। ইউনাইটেড স্পোর্টস ১-০ গোলে গোকুলম কেরালার বিরুদ্ধে জয়ী হয়েছিল ।দু'দলই তিন পয়েন্ট করে পেলেও গোল পার্থক্যে এগিয়ে রয়েছে মোহনবাগান। তাই আগামীকাল ইউনাইটেড স্পোর্টসের সঙ্গে ড্র করলেই শিল্ড ফাইনালে পৌঁছে যাবে মোহনবাগান।

---------------------------- ----------------------------